

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩/১০ সেপ্টেম্বর ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৭৩.৯৯.০০০১.২৬-১৬১—জাতীয় লজিস্টিকস উন্নয়ন ও সমবায় কমিটি'র (এনএলডিসিসি) ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক 'ট্রেড ফ্যাসিলিটেশন ওয়ার্কিং গ্রুপ' নিম্নোক্তভাবে গঠন করা হলো :

১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয় : আহ্বায়ক
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত সদস্যের নিম্নে নয় এমন প্রতিনিধি : সদস্য
৩. সচিব, শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি : সদস্য
৪. সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি : সদস্য
৫. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি : সদস্য
৬. চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি : সদস্য
৭. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি : সদস্য
৮. চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি : সদস্য
৯. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি : সদস্য

(২৫০৫১)

মূল্য : টাকা ৪.০০

১০. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন : সদস্য
১১. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন : সদস্য
১২. সভাপতি, ফুটওয়্যার লেদারগুডস অ্যান্ড অ্যাকসেসোরিজ এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন : সদস্য
১৩. সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ : সদস্য
১৪. সভাপতি, বাংলাদেশ কনটেইনার শিপিং অ্যাসোসিয়েশন : সদস্য
১৫. সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন : সদস্য
১৬. পরিচালক, জাতীয় লজিস্টিকস পলিসি বাস্তবায়ন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় : সদস্য
১৭. অনুবিভাগ প্রধান, এফটিএ অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় : সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:

১. আমদানি-রপ্তানি, শুল্কায়ন, পণ্য খালাস, বন্দর ও সীমান্ত ব্যবস্থাপনায় সময়, ব্যয় ও প্রক্রিয়ার সংখ্যা হ্রাসের জন্য জাতীয় লজিস্টিকস নীতির আলোকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
২. বিশ্ব বাণিজ্য সংস্থার ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট (WTO-TFA) এর সকল সূচক এবং লজিস্টিক্স-সংক্রান্ত বাংলাদেশের অঙ্গীকারসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
৩. আগাম প্রক্রিয়াকরণ (Pre-arrival Processing), ইলেকট্রনিক ঘোষণা, স্বয়ংক্রিয় পণ্য খালাস, ঝুঁকি ব্যবস্থাপনা, ঘিন চ্যানেল, অনুমোদিত অর্থনৈতিক অপারেটর (AEO) এবং খালাস-পরবর্তী নিরীক্ষা (Post Clearance Audit) কার্যকর করার প্রস্তাব প্রণয়ন;
৪. ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো, অটোমেটেড বর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম, পোর্ট কমিউনিটি সিস্টেম এবং পেপারলেস ট্রেড-সংশ্লিষ্ট ডিজিটাল ব্যবস্থার কার্যকর সমন্বয় নিশ্চিতকরণ;
৫. কাস্টমস, বন্দর, নিয়ন্ত্রণকারী সংস্থা, ব্যাংক এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানের মধ্যে প্রক্রিয়াগত দ্বৈততা শনাক্তকরণ;
৬. বন্ডেড ওয়ারহাউস, ইনল্যান্ড কনটেইনার ডিপো/কনটেইনার ফ্রেইট স্টেশন (ICD/CFS), অফ-ডক, এয়ার এক্সপ্রেস কোল্ড চেইন ও অন্যান্য লজিস্টিকস সেবা-সংশ্লিষ্ট নীতি সংস্কার পর্যালোচনা;
৭. বাণিজ্য সংশ্লিষ্ট সংস্থার কর্মসম্পাদন, পণ্য খালাসের সময় ও ব্যয় এবং অভিযোগ নিষ্পত্তি নিয়মিত পরিমাপের পদ্ধতি নির্ধারণ;
৮. ব্যবসায়ী সংগঠনসমূহের উত্থাপিত সমস্যা গ্রহণ, সংশ্লিষ্ট সংস্থার লিখিত জবাব সংগ্রহ এবং তা যাচাইপূর্বক সমাধানের সময়সীমা নির্ধারণ;
৯. আইন, বিধি, প্রজ্ঞাপন বা প্রশাসনিক প্রক্রিয়া সংশোধনের প্রয়োজন হলে এনএলডিসিসি'র নিকট সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন;

১০. লজিস্টিকস উপখাত ভিত্তিক টেড্র ফ্যাসিলিটেশনের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন;
 ১১. ‘জাতীয় লজিস্টিকস নীতি, ২০২৫’ বাস্তবায়নে ‘এনসিএলডি’ ও “এনএলডিসিসি”-কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কার্যকরীকরণে সহযোগিতা; এবং
 ১২. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে এবং ‘এনএলডিসিসি’ এর অনুমোদনক্রমে বর্ণিত কার্যপরিধি হালনাগাদ করতে পারবে।
- ৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কে এম আলমগীর কবীর
পরিচালক-৬।